

21290 - হিজরি নববর্ষের শুরুতে শুভেচ্ছা জ্ঞাপনের বিধান

প্রশ্ন

হিজরি নববর্ষ উপলক্ষে 'কুল্লু আম ওয়া আনতুম বি খাইর' (সারাবছর আপনারা কল্যাণে থাকুন) বলে কিংবা বরকতের দোয়া করে শুভেচ্ছা জ্ঞাপনের হুকুম কি? উদাহরণত- নতুন বছরে কল্যাণ ও বরকত লাভের দোয়া করে কারো কাছে মেসেজ পাঠানো।

প্রিয় উত্তর

শাইখ মুহাম্মাদ বিন উছাইমীন (রহঃ) কে হিজরি বর্ষ উপলক্ষে শুভেচ্ছা জ্ঞাপনের হুকুম ও শুভেচ্ছার প্রত্যুত্তরে কি বলতে হবে সে সম্পর্কে জিজ্ঞেস করা হয়। জবাবে তিনি বলেন:

যদি কেউ আপনাকে শুভেচ্ছা জানায় তাহলে এর উত্তর দিন। কিন্তু আপনি নিজের থেকে কাউকে শুভেচ্ছা জানাবেন না। এ মাসয়ালায় এটাই সঠিক অভিমত। যদি কেউ আপনাকে বলে যে, 'নববর্ষ উপলক্ষে আমরা আপনাকে শুভেচ্ছা জানাচ্ছি'। আপনি জবাবে বলুন: আল্লাহ আপনাকে কল্যাণ দিয়ে শুভ করুন এবং এ বছরটিকে কল্যাণ ও বরকতের বছরে পরিণত করুন। কিন্তু আপনি প্রথমে অন্যদেরকে শুভেচ্ছা জানাবেন না। কেননা সলফে সালেহিন নববর্ষের শুভেচ্ছা জানাতেন এমন কোন বর্ণনা আছে মর্মে আমি জানি না। বরং আপনারা জেনে রাখুন সলফে সালেহিন 'মহররম' মাসকে নতুন বছরের প্রথম মাস হিসেবে গ্রহণ করেছেন উমর বিন খাতাব (রাঃ) এর খিলাফত আমলে এসে।[সমাণ্ড]

[সূত্র: উনাইয়াহু 'দাওয়াত ও ইরশাদ অফিস কর্তৃক প্রকাশিত শাইখের 'মাসিক সাক্ষাৎকারের সংকলন', সিডি সংস্করণ-১, প্রশ্ন নং- ৮৩৫]

শাইখ আব্দুল কারীম আল-খুদাইর হিজরি বর্ষের শুভেচ্ছা জ্ঞাপন সম্পর্কে বলেন:

বিভিন্ন উপলক্ষে যেমন- ঈদ উপলক্ষে মুসলমানের জন্য সাধারণ দোয়া করতে কোন আপত্তি নেই; যদি ব্যক্তি এ দোয়ার ভাষ্যকে বিশেষ কোন ইবাদত হিসেবে বিশ্বাস না করে। বিশেষতঃ এ ধরনের শুভেচ্ছার উদ্দেশ্য যদি হয় পারস্পরিক সম্প্রীতি এবং মুসলমানের চেহারা আনন্দ ও খুশি ফুটিয়ে তোলা। ইমাম আহমাদ (রহঃ) বলেন: আমি প্রথমে কাউকে শুভেচ্ছা জানাই না। কেউ আমাকে শুভেচ্ছা জানালে আমি জবাব দেই। কেননা অভিবাদনের জবাব দেয়া ওয়াজিব। কিন্তু, প্রথমে শুভেচ্ছা জানানো: এটি কোন আদিষ্ট সুন্নত নয় এবং এ সম্পর্কে নিষেধও করা হয়নি।